

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন-১২
কোম্পানী কমান্ডারের কার্যালয়
ক্রাইম থ্রিভেনশন কোম্পানী-১
কুষ্টিয়া
প্রেস বিজ্ঞপ্তি

তারিখঃ ০১ জুলাই ২০২৪ খ্রিঃ

**র‍্যাব-১২, সিপিসি-১, কুষ্টিয়া ক্যাম্পের অভিযানে দৌলতপুর উপজেলার চাঞ্চল্যকর রমজান বিশ্বাস হত্যা মামলার প্রধান আসামি সহ ০৩ জন
গ্রেফতার।**

১। র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) প্রতিষ্ঠাকালীন সময় থেকেই দেশের সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার লক্ষ্যে সব ধরনের অপরাধীকে আইনের আওতায় নিয়ে আসার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে যাচ্ছে। জঙ্গী, সন্ত্রাসী, সংঘবদ্ধ অপরাধী, ছিনতাইকারী, জুয়ারি, মাদক ব্যবসায়ী, খুন এবং অপহরণসহ বিভিন্ন চাঞ্চল্যকর মামলার আসামী গ্রেফতারে র‍্যাব নিয়মিত অভিযান চালিয়ে আসছে।

২। গত ০৬ জুন ২০২৪ তারিখ বিকাল অনুমান ০৫.৩০ ঘটিকার সময় দুই পক্ষের মধ্যে পূর্ব শত্রুতার জের ধরে ও পারিবারিক ভাবে জমি-জমা বিরোধ মিমাংসার জন্য ঘরোয়া মিটিং চলাকালে দুই পক্ষের মধ্যে বাগবিভাভা শুরু হয় এবং একপর্যায়ে মোঃ রমজান বিশ্বাস (৫২), পিতা-মোঃ আবুল বিশ^াস, সাং-বাগোয়ান হিসনাপাড়া, থানা-দৌলতপুর, জেলা-কুষ্টিয়াকে অকথ্য ভাষায় গালিগালাজ, চর থাপ্পর ও বুক কিল ঘুষি মারে। পরবর্তীতে মোঃ রমজান বিশ্বাস শারীরিক ভাবে অসুস্থ হয়ে পড়লে তাকে চিকিৎসার জন্য দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। ভিকটিমের অবস্থা অবনতি হওয়ায় কর্তব্যরত চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য তাকে ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল কুষ্টিয়ায় রেফার্ড করেন। চিকিৎসাধীন অবস্থায় ০৭ জুন ২০২৪ তারিখ রাত্রি অনুমান ০১৪০ ঘটিকার সময় মোঃ রমজান বিশ্বাস মৃত্যুবরণ করে। উক্ত ঘটনার প্রেক্ষিতে নিহতের বাবা মোঃ আবুল বিশ্বাস বাদী হয়ে কুষ্টিয়া জেলার দৌলতপুর থানায় একটি হত্যা মামলা দায়ের করেন, যার মামলা নং-২৩, তারিখঃ ০৭ জুন ২০২৪, ধারা-৩০২/৩৪ পেনাল কোড ১৮৬০। উক্ত ঘটনাটি এলাকায় ও মিডিয়াতে ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি করে।

৩। এরই ধারাবাহিকতায় মোঃ মারুফ হোসেন বিপিএম পিপিএম, অধিনায়ক র‍্যাব-১২, সিরাজগঞ্জ এর দিক নির্দেশনায় র‍্যাব সদর দপ্তর গোয়েন্দা শাখার সহযোগীতায় র‍্যাব-১২, সিপিসি-১ কুষ্টিয়া ক্যাম্পের অভিযানে অদ্য ০১ জুলাই ২০২৪ খ্রিঃ ১৪৫০ ঘটিকায় কুষ্টিয়া জেলার সদর থানাধীন সাদ্দাম বাজার এলাকায় অভিযান পরিচালনা করে হত্যা মামলার ১নং এজাহারনামীয় আসামী মোঃ বজলুর রহমান মালিখা @ বজু মালিখা (৪৫), ২নং এজাহারনামীয় মোঃ শামীম আহমেদ মালিখা @ সাজু (৩৫), ৩নং এজাহারনামীয় মোঃ মিজানুর রহমান মালিখা (৫৫) উভয় পিতা-মৃত ইয়াসিন মালিখা, সাং-মথুরাপুর পশ্চিমপাড়া, থানা-দৌলতপুর, জেলা-কুষ্টিয়াদেরকে গ্রেফতার করতে সক্ষম হয়। পরবর্তীতে ধৃত আসামিদেরকে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য দৌলতপুর থানায় হস্তান্তর করা হয়েছে।

র‍্যাব-১২, সিপিসি-১, কুষ্টিয়া'কে তথ্য দিন, সন্ত্রাস, অস্ত্র ও জঙ্গী মুক্ত বাংলাদেশ গঠনে অংশ নিব।

বিশেষ দ্রষ্টব্যঃ উপরোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি ইলেক্ট্রনিক্স ও প্রিন্ট মিডিয়াতে প্রদর্শনের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত-----

এম আবুল হাশেম সবুজ

লেঃ কমান্ডার বিএন

কোম্পানী কমান্ডার

ফোনঃ ০৭১-৭৩৫০০

মোবাইল-০১৭৭৭-৭১১২১১